কানাইঘাটে বন্যা পরিস্থিতির উন্নতি: ধীর গতিতে নামছে পানি,কোটি কোটি টাকার ক্ষয়ক্ষতি

কানাইঘাট প্রতিনিধিঃ সিলেটের কানাইঘাট উপজেলার সার্বিক বন্যা পরিস্থিতি উন্নতি হলেও এখনও প্রত্যন্ত এলাকার বিস্তৃর্ণ জনপদ বন্যার পানিতে তলিয়ে রয়েছে। ধীর গতিতে কমছে বন্যার পানি। গতকাল রবিবার সুরমা নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। পানি কমার সাথে সাথে বাড়ছে ব্যাপক জলাবদ্ধতা, হাজার হাজার মানুষ পানিবন্দী অবস্থায় রয়েছেন। গ্রামীণ অধিকাংশ কাঁচা ও পাকা সড়ক এখনও বানের পানিতে তলিয়ে আছে।
বন্যার্তদের মাঝে সরকারের পাশাপাশি বিভিন্ন সংগঠন, রাজনৈতিক দল ও ব্যক্তি উদ্যোগে ত্রাণ বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। তবে পানি কমার সাথে সাথে এবারের ভয়াবহ বন্যায় কানাইঘাট উপজেলার বিভিন্ন সেক্টরে কোটি কোটি টাকার ক্ষয়ক্ষতি সাধিত হয়েছে। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সব বিভাগের ক্ষয়ক্ষতি মনিটরিং করা হচ্ছে বলে উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি জানান।
পানিবাহিত রোগের প্রাদুর্ভাব থেকে রক্ষা পেতে উপজেলা প্রশাসনের সার্বিক তদারকিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও যুব-রেড ক্রিসেন্টের যৌথ উদ্যোগে আজ সোমবার থেকে বন্যা দুর্গত এলাকায় মোবাইল মেডিকেল ক্যাম্পের মাধ্যমে ঔষধপত্র বিতরণের পাশাপাশি পানিবাহিত রোগ থেকে রক্ষা করতে সচেতন মূলক কার্যক্রম শুরু হয়েছে।